“কোন ব্যক্তি যদি কোন অভাবগ্রস্ত ব্যক্তিকে অবকাশ দেয় বা তার নিকট পাওনা মাফ করে দেয়, আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন তাঁর আরশের ছায়ায় তাকে ছায়া দিবেন। যে দিন আল্লাহর ছায়া ছাড়া আর কোন ছায়া থাকবে না।”

আবূ হুরায়রা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “কোন ব্যক্তি যদি কোন অভাবগ্রস্ত ব্যক্তিকে অবকাশ দেয়
বা তার নিকট পাওনা মাফ করে দেয়, আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন তাঁর আরশের ছায়ায় তাকে
ছায়া দিবেন। যে দিন আল্লাহর ছায়া ছাড়া আর কোন ছায়া থাকবে না।” [সহীহ] [এটি তিরিমিযী ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেছেন যে, যে ব্যক্তি ঋণগ্রস্ত ব্যক্তিকে ঋণ পরিশোধে অবকাশ দেয় অথবা তার ঋণের কিছু অংশ মাফ করে দেয়, তাহলে তার প্রতিদান হলো: আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন তাঁর আরশের ছায়ায় তাকে ছায়া দিবেন। যেদিন সূর্য বান্দাদের মাথার নিকটবর্তী থাকবে এবং এর উষ্ণতা মানুষের জন্য ভয়াবহ অবস্থা সৃষ্টি করবে। সেদিন আল্লাহ যাকে ছায়া দান করবেন, সে ছাড়া কেউ কোন ছায়া পাবে না।

http://sunnah.global/hadeeth/bn/show/4186